R. N. No. 2532/57 | Phone No. 66-228, STD 03483 | Regd. No.—WB/MSD—4

V. I. P.
ALFA স্যুটকেস
এখন তিন বছরের
গ্যারাণ্টিতে পাচ্ছেন
অনুমোদিত ডিলার :
প্রভাত ষ্টোর
রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )
ফোন : ৬৬০৯৩

জঙ্গিপুর
# সংবাদ
সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

উপহারে দেবেন
বাড়ীর ব্যবহারে নেবেন
হকিন্স প্রেসার কুকার
সব থেকে বিক্রী বেশি
অনুমোদিত ডিলার :
প্রভাত ষ্টোর
দুলুর দোকান
রঘুনাথগঞ্জ দরবেশপাড়া

৮৩শ বর্ষ
৫০শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ৩১শে বৈশাখ বুধবার, ১৪০৪ সাল।
১৪ই মে, ১৯৯৭ সাল।
নগদ মূল্য : ৭৫ পয়সা
বার্ষিক ৩০ টাকা

## হাসপাতালে বদলি নিয়ে জলঘোলা, নয়া সুপারের কর্মতৎপরতা পরখ করতে উদগ্রীব মহকুমাবাসী

নিজস্ব সংবাদদাতা : সম্প্রতি জঙ্গিপুর মহকুমা হাসপাতালের বিতর্কিত সুপার ডাঃ সঞ্চিত ঘোষ, হেড ক্লার্ক জয়ন্ত সরকার ও ষ্টোরকীপার কাশীনাথ দাসের বদলির আদেশ আসে। পরবর্তীতে ডাঃ ঘোষকে রিলিজ করা হলেও কাশীনাথ দাস ও জয়ন্ত সরকারের রিলিজ নিয়ে জলঘোলা হতে শুরু করে। কাশীনাথবাবুক উলুবেড়িয়াতে বদলির অর্ডারের পর গত ২-৪-৯৭ রিলিজ অর্ডার ধরানো হয়। তিনি তা নিতে অস্বীকার করেন। তাঁর বক্তব্য তাঁর স্ত্রী যেহেতু স্বাস্থ্য বিভাগে মালদহ জেলায় কর্মরতা, সেহেতু তাঁকেও ওই জেলার যে কোন জায়গায় বদলি করতে হবে। এ ব্যাপারে তিনি ষ্টেট এ্যাডমিনিষ্ট্রেটিভ ট্রাইবুনালে আপীল করেন। ট্রাইব্যুনাল সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে গত ১১-৪-৯৭ শ্রীদাসকে মালদা জেলায় দুই মাসের মধ্যে বদলির জন্য অর্ডার দেন। নয়া সুপার কাশীনাথবাবুকে রিলিজ অর্ডার ধরাবার পর ওই নির্দেশ অমান্য করেন। পরবর্তীতে গত ২-৫-৯৭ ট্রাইব্যুনাল পুনরায় শ্রীদাসকে আগামী দুই মাসের মধ্যে মালদা জেলার কোথাও পোষ্টিং দিতে না পারা পর্যন্ত তাঁকে জঙ্গিপুর হাসপাতালেই ডিউটি করার জন্য কর্তৃপক্ষকে নির্দেশ দেন। অন্যদিকে কাশীবাবু আমাদের প্রতিনিধিকে জানান, তিনি গত ৩-৪-৯৭ পর্যন্ত হাসপাতালে ডিউটি করেছেন। হাজিরা খাতায়, পে এবং টি এ বিলে তাঁর ওই দিনের সহি আছে। যদিও ২-৪-৯৭ এ রিলিজ অর্ডার ধরাবার সময় হাজিরা খাতায় কাশীবাবুর ৩ তারিখের সই কেটে দেওয়া হয় বলে তিনি অভিযোগ করেন। এমতাবস্থায় তিনি রিলিজ অর্ডার নিতে অস্বীকার করায় তাঁর বাড়ীতে অর্ডার লটকা জারী করে দেন হাসপাতাল কর্তৃপক্ষ কাশীবাবু গত ৪ থেকে ১৮ এপ্রিল পর্যন্ত ছুটির দরখাস্ত করলে সুপার তাও গ্রহণ করেননি। ফলতঃ কাশীবাবু (শেষ পৃষ্ঠায়)

## ফরাক্কা ব্যারেজের মাষ্টাররোল শ্রমিকদের স্থায়ী শ্রমিকের মর্য্যাদা দিলেন কলকাতার সহ শ্রম অধিকর্তা

বিশেষ সংবাদদাতা : ফরাক্কা ব্যারেজের মাষ্টাররোল শ্রমিকদের স্থায়ী শ্রমিকের মর্য্যাদা দেবার দাবী নিয়ে শ্রমিক ইউনিয়ন কলকাতার সহশ্রম অধিকর্তার কাছে আর্জি জানান। সেই অনুযায়ী ফরাক্কা ব্যারেজের জি-এম, এ, কে, সাংলেকে গত ২৮ এপ্রিল অধিকর্তার অফিসে ব্যক্তিগত হাজিরার সমনজারী করেন সহ শ্রম অধিকর্তা। জি, এম, নির্দিষ্ট দিনে ব্যক্তিগত হাজিরা না দেওয়ায় সহশ্রম অধিকর্তা জি, এমের আচরণের তীব্র সমালোচনা করে একতরফাভাবে শ্রমিকদের দাবীর স্বীকৃতি দিয়ে রায় দান করেন। ফলে মাষ্টাররোল শ্রমিকদের দাবী স্থায়ীকরণ, সমমজুরী, মাষ্টাররোল সময়কালকে পেনসন ও গ্রাচ্যুয়িটির ক্ষেত্র হিসাবে ধরার দাবী ইত্যাদি স্বীকৃত হলো। এবং ব্যারেজ কর্তৃপক্ষ সেই অনুযায়ী কেন্দ্রীয় মন্ত্রণালয়ের কাছে ঐ দাবীগুলির অনুমোদন চাইতে বাধ্য হলেন। কয়েক দিনের মধ্যেই কেন্দ্রীয় মন্ত্রণালয়ের অনুমোদন সম্পর্কে সঠিক আদেশ জানা যাবে বলে শ্রমিক ইউনিয়ন মনে করছেন। শ্রমিক ইউনিয়নের এই জয়লাভে একদিকে শ্রমিকেরা যেমন উল্লসিত, অন্যদিকে তেমনি এই রায় ব্যারেজ প্রশাসনকে বিশেষ অস্বস্তিতে ফেলেছে বলে জানা যায়।

## বি এস এফ সন্দেহে রূপলালের চোখ তুলে নিল দুই গরুর পাইকার

জঙ্গিপুর : গত ৮ মে নলহাটি থানার দুই গরুর পাইকার সিরাজ সেখ ও আল্লারাখা রঘুনাথগঞ্জ ২নং ব্লকের বাহুরা ঘাট দিয়ে গরু পাচার করার সময় বি এস এফের হাতে পড়ে। বি এস এফ কর্মীরা গরুগুলিকে আটক করলেও পাইকার দুজন পালিয়ে কাঁটাখালিতে গা ঢাকা দিয়ে থাকে। সে রাতে কৃষ্ণশাইল চাঁইপাড়ার রূপলাল দাস বিয়ের নিমন্ত্রণ সেরে মহা পণ্ডিতপুর থেকে নির্জন রাতে বাড়ী ফিরছিলেন। লুকিয়ে থাকা পাইকাররা তাঁকে বি এস এফের কর্মী ভেবে পাকড়াও করে বেধড়ক মারতে মারতে তার একটা চোখের মণি খুবলিয়ে তুলে নেয়। পরে রূপলালের মৃতদেহ রামপুরা মহালদারপাড়ার কাছে পথের ধারে ফেলে দিয়ে নিকটবর্তী তেঘরী হাসপাতাল (শেষ পৃষ্ঠায়)

## বংশবাটী বিলে জল কমে যাওয়ায় যাতায়াতের সমস্যা দেখা দিয়েছে

নিজস্ব সংবাদদাতা : সুতী ১নং ব্লকের বংশবাটী গ্রাম পঞ্চায়েতের অধিবাসীরা ১৯৭৫ সাল থেকে বরাবর বংশবাটী নজিরপুর বিলে নৌকায় পার হয়ে হাসপাতাল, থানা ও মহকুমা শহরে যাতায়াত করতেন। কিন্তু বাংলাদেশের সঙ্গে জলচুক্তির পর গঙ্গার জলস্রোত কমে যাওয়ায়, বিলের জলও কমে গিয়েছে। ফলে বিলে কাদা পাঁক দেখা দেওয়ায় নৌকা চলাচল সম্ভব হচ্ছে না। ফলে দুর্গতি বেড়েছে অধিবাসীদের। হাই স্কুলের শিক্ষক, ব্যাঙ্ক কর্মী, যাঁরা অন্যস্থান থেকে বিলে নৌকায় যাতায়াত করতেন, তাঁদেরও দুর্ভোগের সীমা নেই। (শেষ পৃষ্ঠায়)

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার॥
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

-- সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ


# জঙ্গিপুর সংবাদ

৩১শে বৈশাখ বুধবার, ১৪০৪ সাল।


## ।। নব পদক্ষেপ ।।

খুব সম্প্রতি ভারতের প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর বিধবা পত্নী শ্রীমতী সোনিয়া গান্ধী কংগ্রেসের প্রাথমিক সদস্যপদ গ্রহণ করিয়াছেন। এই ঘটনায় কংগ্রেস মহলে জল্পনা-কল্পনা শুরু হইতে চলিয়াছে। তবে কি শ্রীমতী সোনিয়া কংগ্রেসী রাজনীতিতে অবতীর্ণা হইতে চলিয়াছেন, নাকি শুধু নামমাত্র প্রাথমিক সদস্যপদ গ্রহণই সার কথা? ইহার উত্তর একমাত্র ভবিষ্যৎ-রাজনৈতিক গতিপ্রকৃতি দিতে পারে। তবে ঘটনাটি যে কিছুটা চমকপ্রদ, তাহাতে সন্দেহ নাই।

কারণ প্রাক্তন প্রধানমন্ত্রীর অকস্মাৎ শোচনীয় মৃত্যুর পর শ্রীমতী সোনিয়া গান্ধীকে অনেকেই কংগ্রেসী প্রত্যক্ষ রাজনীতিতে অবতীর্ণ হওয়ার জন্য বহুবার বহুভাবে আবেদন-নিবেদন করিয়াছিলেন। কিন্তু শ্রীমতী গান্ধী তাহাতে সাড়া দেন নাই। এমন কি অনেকেই রাজীব কন্যা প্রিয়াঙ্কাকেও রাজনীতিতে আনিতে সচেষ্ট হইয়াছিলেন। তাহাতেও সম্মতির লক্ষণ দৃষ্ট হয় নাই। এখন শ্রীমতী গান্ধীর কংগ্রেসের প্রাথমিক সদস্যপদ গ্রহণের বিষয়টিকে নানাজনে নানাভাবে দেখিতে আরম্ভ করিয়াছেন।

অনেকের ধারণা, বোফর্স কামানক্রয়ের যে সব কেলেঙ্কারী প্রকাশ পাইয়াছে, তাহার জন্য গান্ধী পরিবার এবং শ্রীমতী সোনিয়ার ঘনিষ্ট ব্যক্তিরা যাহাতে কোনও রূপে জড়িত না হন, সেই উদ্দেশ্যে ভবিষ্যৎ কর্মপন্থা গ্রহণে অসুবিধা যেন না হয়, সেই দিকে লক্ষ্য রাখিয়া শ্রীমতী গান্ধী এই পদক্ষেপ লইয়াছেন।

বোফর্স কেলেঙ্কারী বিষয়ে সিবিআই প্রধান সুইস কর্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত রিপোর্ট অনুযায়ী তদন্ত চালাইয়া যে রিপোর্ট খাড়া করিয়াছেন, শুনা যায় যে, তাহার ভিত্তিতে সিবিআই ইতালির ব্যবসায়ী কাত্রোচ্চিকে এবং অনাবাসী ভারতীয় উইন চাড্ডাকে চার্জশীট দিতে প্রস্তুত হইয়াছে। কাত্রোচ্চি এবং চাড্ডাদের সহিত শ্রীমতী গান্ধীদের নাকি বরাবর ঘনিষ্ঠতা ও সুসম্পর্ক রহিয়াছে। বোফর্স কেলেঙ্কারীতে কাত্রোচ্চি, চাড্ডা প্রভৃতি জড়িত হইয়া পড়িলে গান্ধী পরিবারের কেহ কেহ জড়াইয়া পড়িতে পারেন বলিয়া অনেকে মনে করেন। খবরে প্রকাশ যে, কাত্রোচ্চির বিরুদ্ধে বোফর্স কেলেঙ্কারীর বিষয়ে কোনও চার্জশীট সিবিআই যাহাতে দাখিল না করিতে পারে, শ্রীমতী সোনিয়া নাকি সেই চেষ্টা করিতেছেন। জানা যায় যে, এইজন্য তিনি কংগ্রেস সভাপতি সীতারাম কেশরীর সঙ্গে সুসম্পর্ক রাখিয়া ভারতের বর্তমান প্রধানমন্ত্রীর আনুকূল্য লাভ করিতে ইচ্ছুক যাহার ফলশ্রুতি শ্রীমতী গান্ধীর সংশ্লিষ্ট কাহারও উপর বোফর্স সংক্রান্ত কোনও অপবাদ স্পর্শ না করিতে পারে।

অবশ্য প্রত্যক্ষ রাজনীতিতে শ্রীমতী গান্ধী না নামা পর্যন্ত ইহা সম্ভব হইবে কিনা, তাহা প্রশ্নের বিষয়। প্রাথমিক সদস্যপদ লাভ এবং সক্রিয় রাজনীতি করা এক নয়। কারণ যাহাই হউক, শ্রীমতী সোনিয়ার কংগ্রেসের প্রাথমিক সদস্যপদ গ্রহণকে বিভিন্ন জন বিভিন্ন দৃষ্টিকোণ হইতে দেখিতেছেন। কেহ কেহ মনে করেন যে, বিধ্বস্ত বর্তমান কংগ্রেস যাহাতে পুনরায় চাঙ্গা হইতে পারে, তাহার জন্য এই দলের উপর নেহরু-ইন্দিরার ভাবমূর্তির পুনঃ সংস্থাপনের উদ্দেশ্যে হয়ত শ্রীমতী সোনিয়া অগ্রসর হইতেছেন।

### পঃ বঙ্গ চাঁই সমাজের বিধানসভা অভিযান

নিজস্ব সংবাদদাতা : পঃ বঙ্গে নদীর চর এলাকার ধারে ও বিভিন্ন চরে প্রায় ৫০ লক্ষ চাঁই বাস করেন। তাঁদের মূল পেশা সবজী বিক্রি, চাষবাস। সকলেই প্রায় দারিদ্র সীমার নীচে। শিক্ষার ভাগ মাত্র ১%। পশ্চাৎপদ এই জাতির মানুষেরা তপশীলী জাতি হিসাবে ঘোষণা দাবী জানিয়ে আন্দোলন করে যাচ্ছেন দীর্ঘদিন ধরে। সম্প্রতি বহু আন্দোলনের পর তাঁরা তাঁদের ৭ দফা দাবী আদায়ে শেষ পর্যন্ত বিধানসভা অভিযানের সিদ্ধান্ত নিয়েছেন আগামী ৯ ও ১০ জুন। দাবীগুলির মধ্যে প্রধান ও প্রথম দাবী সিআরআই রিপোর্ট অনুযায়ী চাঁইদের তপশীলী জাতি হিসাবে স্বীকৃতি দিতে হবে।

### কংগ্রেসের ডাকে জেলভরো আন্দোলন

নিজস্ব সংবাদদাতা : গত ৩০ এপ্রিল জেলা কংগ্রেসের ডাকে বহরমপুরে জেল-ভরো আন্দোলন হয়। আন্দোলন পরিচালনা করেন প্রদেশ কংগ্রেস সভাপতি সোমেন মিত্র, পঃ বঃ বিধানসভার বিরোধী দলনেতা অতীশচন্দ্র সিংহ, নবগ্রাম বিধানসভার বিধায়ক অধীররঞ্জন চৌধুরীসহ নয়জন বিধায়ক ও সাংসদ ইদ্রিশ আলী। আন্দোলনে যোগদানকারী ৫৫ হাজার সমর্থককে গ্রেপ্তার করে সঙ্গে সঙ্গে মুক্তির কথা ঘোষণা করা হয়।

### চতুর্থ শ্রেণীর ছাত্র খুন

ফরাক্কা : এই থানার নিশ্চিন্দ্রা গ্রামের ক্ষুদু মণ্ডল (৯) নামে এক শিশু গত ২৭ এপ্রিল খুন হয়। মৃত ক্ষুদু মণ্ডল নিশ্চিন্দ্রা প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর ছাত্র। বিদ্যালয়ের প্রধান শিক্ষক কালিপদ মণ্ডল আমাদের প্রতিনিধিকে জানান মৃত ক্ষুদু মণ্ডল তাঁদের স্কুলের ছাত্র এবং মা-বাবার একমাত্র পুত্র। ক্ষুদু মণ্ডলের আর একটি দিদি আছে তার অন্যত্র বিয়ে হয়েছে। ঐ দিন সন্ধ্যার সময় গ্রামে হরিনাম সংকীর্তন হচ্ছিল। অন্যান্য ছেলেদের সঙ্গে ক্ষুদু মণ্ডলও সংকীর্তনের আসরে ছিল। কীর্তন চলাকালীন দুষ্কৃতিরা তাকে ডেকে নিয়ে গিয়ে একটু দূরে গলা টিপে হত্যা করে পালিয়ে যায়। খবর লেখা পর্যন্ত হত্যার কোন কারণ জানা যায়নি বা কেউ ধরা পড়েনি। তবে গ্রামবাসীদের ধারণা পারিবারিক শত্রুতায় শিশুটিকে হত্যা করা হয়েছে।

### ফ্রি সার্ভিস হেল্‌থ চেক আপ সেণ্টার খোলা হয়েছে

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুর পুরসভার ১৮নং ওয়ার্ডে বাজারপাড়া প্রাঃ স্কুলে পুরসভার উদ্যোগে ও ওয়ার্ড কমিশনার শত্রুঘ্ন সরকারের সহযোগিতায় একটি ফ্রি সার্ভিস হেল্‌থ চেক আপ সেণ্টার খোলা হয়েছে। সেণ্টারে স্থানীয় বিশেষজ্ঞ ডাক্তাররা সপ্তাহে একদিন ফ্রি সার্ভিস দেবেন। গত ২৭ এপ্রিল উদ্বোধনের দিন ফ্রি সার্ভিস দেন স্ত্রীরোগ বিশেষ একজন ডাক্তার। ৪ মে সার্ভিস দেন জেনারেল ফিজিসিয়ান এবং ১১ মে একজন শিশুরোগ বিশেষজ্ঞ। প্রতি রবিবার ২০ থেকে ৩০ জন রোগীর চিকিৎসা করবেন বলে ঠিক হয়েছে।

### ছাত্রীর কৃতিত্ব

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রাক্তন ছাত্রী ও জঙ্গিপুর কলেজের অধ্যাপক অজিত মুখোপাধ্যায়ের কন্যা শ্রীমতী কন্যা মুখোপাধ্যায় সম্প্রতি ভারতের সুবিখ্যাত চিকিৎসা গবেষণা কেন্দ্র চণ্ডীগড়ের PGIMER থেকে "নিও নেটলজিতে" (নবজাতক বিদ্যা) DM ডিগ্রী লাভ করেছেন। এর আগে তিনি চণ্ডীগড় থেকে শিশুরোগ চিকিৎসায় MD এবং সর্বভারতীয় DNB পাশ করেন। ১৯৯৪ সালে দিল্লীতে অনুষ্ঠিত শিশুরোগ চিকিৎসকদের এশীয় সম্মেলনে শিশুদের মৃগীরোগ সম্বন্ধে তাঁর গবেষণাপত্র দেশী-বিদেশী চিকিৎসকদের দৃষ্টি আকর্ষণ করে।

### খড়ের ঘরে আগুন লেগে বৃদ্ধার মৃত্যু

জঙ্গিপুর : গত ১১ মে বেলা ১১টা নাগাদ পিরোজপুর চরে একটি খড়ের ঘরে আগুন লাগে। রান্নার আগুন থেকে এই অগ্নিকাণ্ড বলে খবর। আগুনে ৫টি গরু ও ১০টি ছাগল মারা যায়। সে সময় ঘরের বাইরে থাকা ঐ বাড়ীর এক ৭৫/৮০ বছরের বৃদ্ধা ঘর থেকে টাকা পয়সা আনতে গিয়ে আর বার হতে না পেরে আগুনে পুড়ে মারা যান।

### আরো ষাট হাজার কৃত্রিম গো-প্রজনন কেন্দ্র

নিজস্ব সংবাদদাতা : নবম যোজনায় আরো ষাট হাজার কৃত্রিম গো-প্রজনন কেন্দ্র খোলা হবে। সারাদেশে ৪০ হাজার ছাড়াও এই অতিরিক্ত ৬০ হাজার কেন্দ্র খোলা হলো। এই কর্মসূচী অনুযায়ী উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে সহায়তা দেওয়া হয়েছে ১৭.৫৯ কোটি টাকা।

## টেণ্ডার নোটীশ

ষ্টেট হেলথ সিষ্টেম ডেভঃ প্রোজেক্ট টুর অন্তর্গত চীফ প্রোজেক্ট ম্যানেজার, মুর্শিদাবাদ কিছু ওষুধ ও চিকিৎসার সাজ-সরঞ্জাম ক্রয় করার জন্য দরপত্র আহ্বান করছেন। দরপত্র দাখিলের শেষ তারিখ ৪/৬/৯৭।

আগামী ২৮/৫/৯৭ তারিখের মধ্যে উপরোক্ত বিষয়ে অফেরতযোগ্য ২৫.০০ ( পঁচিশ ) টাকার বিনিময়ে সিডিউল সংগ্রহ করতে হবে। এতদ্ সংক্রান্ত বিস্তৃত তথ্য জানতে হলে ৭ এ, ব্যারাকস্কোয়ার, বহরমপুরস্থিত অফিসে ছুটির দিন ব্যতিরেকে যোগাযোগ করুন।

Memo No. DHC/P/MSD/127(7) Dt. 13-5-97

## টেণ্ডার নোটীশ

ষ্টেট হেলথ সিষ্টেম ডেভঃ প্রোজেক্ট টুর অন্তর্গত চীফ প্রোজেক্ট ম্যানেজার, মুর্শিদাবাদ বিভিন্ন প্রোজেক্ট হাসপাতালে বিভিন্ন শক্তিসম্পন্ন এগারটি জেনারেটার সরবরাহ করার জন্য দরপত্র আহ্বান করছেন। দরপত্র করার শেষ তারিখ ইং ৪/৬/৯৭।

আগামী ২৮/৫/৯৭ তারিখ অফেরতযোগ্য ৫০.০০ (পঞ্চাশ টাকার) বিনিময়ে বিস্তৃত তথ্য ৭ এ, ব্যারাকস্কোয়ার, বহরমপুরস্থিত অফিস থেকে ছুটির দিন ব্যতিরেকে পাওয়া যাবে।

Memo No. DHC/MSD/P/128 (5) Dt. 13-5-97

### রবীন্দ্রনাথ ও সুভাষচন্দ্রের জন্মোৎসব উদযাপন

নিজস্ব সংবাদদাতা : গত ৮ ও ৯ মে মহামানব জন্মোৎসব সমন্বয় কমিটি এবং মহম্মদপুর যুব গোষ্ঠীর পরিচালনায় মহম্মদপুরে কবিগুরুর ১৩৭ তম ও নেতাজী সুভাষের জন্মশতবার্ষিক অনুষ্ঠান উদযাপিত হয়। ৮ মে অনুষ্ঠান শুরু হয় পতাকা উত্তোলন, প্রতিকৃতিতে মাল্যদান ও পথ পরিক্রমার মাধ্যমে। এ ছাড়া ৮ ও ৯ মে আবৃত্তি, ছবি আঁকা, নাটক, রবীন্দ্রগীতি আলেখ্য, বিচিত্রানুষ্ঠান ও বাউল গান পরিবেশিত হয়। ৯ মে দৌড় ও ক্রীড়া-প্রতিযোগিতা হয়। ৯ মে বিকাল ৩ টায় সফল প্রতিযোগীদের পুরস্কার দেওয়া হয়। মহম্মদপুরের মত ছোট একটি গ্রামে এ ধরনের অনুষ্ঠান শ্রোতৃবর্গকে আনন্দ দেয়।


# ETDC

( A unit of Govt. of West Bengal )

**Stands for Quality & Reliability**

**SERVICES**
**( TESTING )**

- Test & evaluation
- Calibration
- Technical Information

**Quality Advisory Service -:- Computer Consultancy**

**TRAINING**

COMPUTER Courses / ELECTRONICS

O'level - Unix - 'C' language, Colour T.V. & Others

**Marketing under common brand**

**WEBSI** Detergent, Lamp, Dry Cell Battery

## Electronics Test & Development Centre

WEST BENGAL

4/2, B. T. Road, Calcutta-700056 ( Fax 5534520, Phone : 553 3370 )

### হাসপাতালে বদলি নিয়ে ( ১ম পৃষ্ঠার পর )

মে মাসের বেতন পাননি। অন্যদিকে জয়ন্ত সরকারকে প্রমোসনাল ট্রান্সফার করলে তিনি তা নিতে অস্বীকার করেন। ফলে সুপার তাঁকে রিলিজ অর্ডার দিতে পারেননি। এ ব্যাপারে হাসপাতাল জয়েন্ট কাউন্সিলের বক্তব্য জয়ন্তবাবু কো-অর্ডিনেশনের নেতা বলেই পার্টি থেকে বেশ কায়দা করে তাঁর বদলির অর্ডার এবং তা বাতিলের ব্যবস্থা করা হয়। এ সব থেকে সাধারণ মানুষের ধারণা 'নতুন বোতলে পুরোনো মদের' মতই হাসপাতালের মাথা বদল হ'লো। তাই নতুন এস ডি এম ও মইনুল হক রাজনৈতিক চাপের কাছে নতি স্বীকার না করে হাসপাতালের পুকুরচুরি বন্ধে কতটা সক্ষম হ'ন তা পরখ করতে জঙ্গিপুর মহকুমার মানুষ উদগ্রীব হয়ে আছেন।

### বংশবাটী বিলে জল কমে যাওয়ায় ( ১ম পৃষ্ঠার পর )

অন্যদিকে বহুতালী—কানুপুর রাস্তাটিও দীর্ঘদিন মঞ্জুরী পাওয়া সত্ত্বেও কাজ হয়নি। বিলে জল থাকায় এতদিন কেউ তেমন অসুবিধা বোধ করতেন না। এই মুহূর্তে ব্যবস্থা না নিলে বংশবাটী পঞ্চায়েতের কয়েক হাজার মানুষ স্বাভাবিক জীবনযাত্রা ভেঙ্গে পড়বে বলে আশংকা প্রকাশ করছেন।

### রূপলালের চোখ তুলে নিল ( ১ম পৃষ্ঠার পর )

পুলিশ ক্যাম্পে খবর দেয়। তাদের কথাবার্তায় সন্দেহ হয় পুলিশের। পুলিশ তাদের তল্লাশী চালালে একজনের পকেট থেকে চোখের মণিটি বেরিয়ে পড়ে। পুলিশ পাইকার দুজনকে গ্রেপ্তার করে। পুলিশী তদন্ত চলছে।


### বাসযোগ্য জমি বিক্রয়

মিঞাপুর চামড়া গুদামের সাত কাঠা বাসযোগ্য জমি বিক্রী আছে। যোগাযোগের ঠিকানা—

সমীম অহমদ, মিঞাপুর চামড়া গুদাম
পোঃ ঘোড়শালা (মুর্শিদাবাদ)

বিশেষ আকর্ষণ ঃ বিভিন্ন ডিজাইনের পছন্দ ও টেকসই **কোবরা** ছাপা শাড়ী।



আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।

## বাঘিড়া ননী এণ্ড সন্স

**মির্জাপুর ॥ গনকর**

ফোন নং ঃ গনকর ৬১০১৯



### এফিডেবিট

আমি মধুসূদন ভাট, আমার স্ত্রী চানুবালা ভাট এবং আমাদের পুত্র সখিল ভাট, নিখিল ভাট ও দিলু ভাট সাং মনিগ্রাম, জঙ্গিপুর নোটারী পাবলিক আদালতে এক এফিডেবিট বলে সরকারী বেসরকারী কাজের সুবিধার্থে ভাটের বদলে মণ্ডল উপাধি গ্রহণ করলাম। আমরা ভাট বা মণ্ডল 'কোনাই' তপশীল ভুক্ত জাতি।

### বাড়ি বিক্রয়

জঙ্গীপুর হাই স্কুলের নিকট সদর রাস্তার উপরে ব্যবসা ও বসবাসের উপযোগী পাঁচখানা ঘরবিশিষ্ট বাড়ি বিক্রয় আছে। যোগাযোগ কেন্দ্র—

নবকুমার দাস
জঙ্গীপুর, হরিসভা ( গুলের দোকান )

পছন্দসই টেকসই
সব বয়সেই মানানসই

## রঘুনাথগঞ্জ ব্লক নং-১
## রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ

( হ্যাণ্ডলুম ডেভেলপমেণ্ট সেণ্টার )

রেজিঃ নং—২০ ★ তারিখ—২১-২-৮০

গ্রাম মির্জাপুর ॥ পোঃ গনকর ॥ জেলা মুর্শিদাবাদ

ফোন নং—৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল, জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

✪ সততাই আমাদের মূলধন ✪

| সনাতন দাস | ধনঞ্জয় কাদিয়া | সনাতন কালিদহ |
|---|---|---|
| সভাপতি | ম্যানেজার | সম্পাদক |

আপনাদের সেবায় দীর্ঘ পনের বছর যাবৎ নিয়োজিত

## ✚ অন্নপূর্ণা হোমিও ক্লিনিক ✚

রঘুনাথগঞ্জ ★ ফুলতলা ★ মুর্শিদাবাদ
( সবজী বাজারের বিপরীত দিকে )

প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক—ডাঃ সাহা

ডি. এম. এস ( কলি ), পি. ই. টি ( ডাব্লু. টি ), এফ. ডাব্লু. টি ( আই. আর. সি. এস )

এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পুজ, পোলিও এবং প্যারালেসিস রোগের চিকিৎসা গ্যারান্টি সহকারে করা হয়।

হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেন্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনসট্রুমেন্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক, ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফার্ষ্ট-এড বক্স এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।

বিঃ দ্রঃ— হার্নিয়াল বেল্ট, এল এস বেল্ট, সারভাইক্যাল কলার, কানের ভল্যুম কনট্রোল মেসিন ইত্যাদিও পাওয়া যায়।


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।